# গোবিন্দগঞ্জ উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মো: আরিফ হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।

সভার তারিখ : ০৯ এপ্রিল ফেব্রুয়ারি ২০২৩, সময়: বিকাল ০৩.০০ ঘটিকা।

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব, সহকারী কমিশনার (ভূমি) গত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করে সভাকে অবহিত করেন। এতে কোনো আপত্তি/দ্বিমত উপস্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সহকারী কমিশনার (ভূমি) ও সদস্য সচিব, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি জানান যে, গত ২৮/০২/২০২৩ তারিখের সভার ৫ নম্বর সিদ্ধান্ত অনুযায়ী ১৪ (চৌদ্দ) টি পুকুরের (মরাবস্তা, চেনাচেনা, হাট পুকুর, বড় পুকুর, কুসুম পুকুর (দরগা), দুখু, সুকু, কেতকী, নলপুকুর, পিয়ারা পুকুর, হাজরা, কানাই, বড়মরা, কোচ পুকুর) সিনিয়র সহকারী জজ গোবিন্দগঞ্জ চৌকি আদালত, গাইবান্ধা হতে অস্থায়ী নিষেধাজ্ঞা থাকায় উক্ত পুকুরসমূহ ইজারার প্রদান হতে বিরত থাকার সিদ্ধান্ত গৃহীত হয় এবং মামলা নিষ্পত্তি সাপেক্ষে উক্ত পুকুরসমূহের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়। গত ০৪/০৪/২০২৩ তারিখে সিনিয়র সহকারী জজ গোবিন্দগঞ্জ চৌকি আদালত, গাইবান্ধা অস্থায়ী নিষেধাজ্ঞা তুলে নেওয়ায় উক্ত ১৪(চৌদ্দ) টি পুকুর ইজারা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

এছাড়াও সহকারী কমিশনার (ভূমি) ও সদস্য সচিব, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি জানান যে, উক্ত ১৪ (চৌদ্দ) টি পুকুরের জন্য প্রাপ্ত আবেদনসমূহের আবেদনকারী মৎস্যজীবী সমিতির নিবন্ধন আছে কি না, বর্তমানে সমিতির কার্যক্রম চলমান আছে কি না, উক্ত সমিতির বৈধতা নিয়ে উপযুক্ত আদালতে মামলা চলমান আছে কি না, সমিতির কমিটিসমূহের মেয়াদ আছে কিনা এবং সর্বশেষ অনুমোদিত কার্যকরী কমিটির তালিকা যাচাই পূর্বক প্রয়োজনীয় তথ্য উপাত্ত ও প্রযোজ্য ক্ষেত্রে অডিট রিপোর্টসহ প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা সমাজসেবা অফিসার ও উপজেলা সমবায় অফিসারকে ইতো:পূর্বে গত ১৯/০২/২০২৩ তারিখের ৩১.৫৫.৩২৩০.০০২.১৬.০০১.২৩.২২৯(২) নম্বর স্মারকে অনুরোধ জানানো হয়। এছাড়াও আবেদনকারী সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী কিনা তা যাচাই সাপেক্ষে প্রতিবেদন প্রদানের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে গত ১৯/০২/২০২৩ তারিখের ৩১.৫৫.৩২৩০.০০২.১৬.০০১.২৩.২৩০ নম্বর স্মারকে অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে উপজেলা সমাজসেবা অফিসার গত ২৩/০২/২০২৩ তারিখের ৪১.০১.৩২৩০.০০০.১৬.০০১.২৩.৬২ নম্বর স্মারক এবং উপজেলা সমবায় অফিসার গত ২২/০২/২০২৩ তারিখের ৪৭.৬১.৩২৩০.০০০.৩৩.০০৬.০৯.১৪২ নম্বর স্মারকে প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনে দেখা যায় আবেদনকারী সমিতিসমূহের নিবন্ধন সঠিক আছে, সমিতির কার্যক্রম চলমান আছে, কোন মামলা নেই। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা গত ২২/০২/২০২৩ তারিখে ৩৩.০২.৩২৩০.৫০১.৪২.০৪২.২৩.১২০ নম্বর স্মারকে প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনে দেখা যায় আবেদনকারী সমিতিসমূহের সদস্যগণের এফআইডি কার্ড আছে এবং কিছু সদস্যের এফআইডি প্রক্রিয়াধীন রয়েছে।

এছাড়া সংশ্লিষ্ট জলমহাল সাপেক্ষে আবেদনকারীর সমিতির দূরত্বের ক্রম নির্ধারণ করে নিকটবর্তী/তীরবর্তী সমিতি সম্পর্কিত প্রতিবেদন দাখিল করার জন্য ০৫/০৪/২০২৩ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক গত ১৯/০২/২০২৩ খ্রি. তারিখে ৩১.৫৫.৩২৩০.০০২.১৬.০০১.২৩.২৩২ নম্বর স্মারকে গঠিত ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি বহাল রেখে ২(দুই) দিনের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য বলা হয়। উক্ত কমিটি ০৬/০৪/২০২৩ খ্রি. তারিখে প্রতিবেদন দাখিল করে। দাখিলকৃত প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। উপজেলা জলমহাল ব্যবস্থপনা কমিটির সকল সদস্য প্রতিবেদনের সাথে একমত প্রকাশ করেন।

চলমান পাতা-২

উপজেলা সমবায় অফিসার জানান যে, আবেদকারী সকল মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সঠিক আছে এবং তাদের কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে, সর্বশেষ অনুমোদিত কার্যকরী কমিটির তালিকা যাচাই করে সঠিক পাওয়া গেছে। তিনি আরও জানান যে, উপজেলা মৎস্য কর্মকর্তার প্রত্যয়ন এবং সরেজমিন তদন্ত সাপেক্ষে প্রকৃত মৎস্যজীবী সদস্যদের নিয়ে এ সকল সমিতি গঠিত হয়েছে এবং সে মোতাবেক নিবন্ধিত হয়েছে। এছাড়া আবেদকারী সকল মৎস্যজীবী সমাজকল্যাণ সমিতির নিবন্ধন সঠিক আছে এবং তাদের কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে মর্মে উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান।

বিজ্ঞপ্তিভুক্ত বিভিন্ন জলমহালের বিপরীতে বিভিন্ন মৎস্যজীবী সংগঠন/সমিতি কর্তৃক দাখিলকৃত দর সরকারি দরের উর্দ্ধে হওয়ায় জলমহালসমূহের সরকারি দখল ও স্বত্ব বজায় রাখা এবং সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে জলমহাল ব্যবস্থাপনা নীতি মোতাবেক সবচেয়ে নিকটবর্তী/তীরবর্তী সমিতিকে দাখিলকৃত দরে ইজারা প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির **দুই** নম্বর উপদেষ্টা জনাব মোঃ আব্দুল লতিফ প্রধান, চেয়াম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা সভায় উপস্থিত থেতে গুরুত্বপূর্ণ মতামত ব্যাক্ত করেন।

অতঃপর প্রতিটি জলমহালের জন্য প্রাপ্ত আবেদনসমূহ, আবেদনকারীর নাম ঠিকানা ও দাখিলকৃত দরসহ প্রস্তুতকৃত তুলনামূলক বিবরণী ও প্রাপ্ত সকল প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। দাখিলকৃত আবেদনের তুলনামূলক বিবরণী, নিবন্ধন ও আবেদনকারী সমিতির অবস্থান সম্পর্কিত প্রতিবেদন পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**গৃহীত সিদ্ধান্তসমূহ:**

সিদ্ধান্ত ১:

যে সকল জলমহালের বিপরীতে সরকারি দরের অধিক প্রস্তাবিত মূল্য সম্বলিত একাধিক আবেদন পাওয়া গিয়েছে, সে সকল ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্হাপনা নীতি, ২০০৯ (সংশোধনী ১৪ মার্চ ২০১২) এর অনুচ্ছেদ ৫ এর উপ-অনুচ্ছেদ (৪) এর দফা (চ) অনুসারে সংশ্লিষ্ট জলমহাল সাপেক্ষে তীরবর্তী/নিকটবর্তী মৎস্যজীবী সমিতি ইজারা পাবেন। ০২ (দুই)টি জলমহাল প্রাপ্ত কোনো সমিতি কোনো জলমহালের ক্ষেত্রে ১ম নিকটবর্তী/তীরবর্তী হলে সংশ্লিষ্ট জলমহাল সাপেক্ষে ২য় নিকটবর্তী/তীরবর্তী সমিতি ইজারা পাবেন। অত্র সভার কার্যবিবরণী ইজারাদেশ হিসেবে গণ্য হবে। নতুন করে কোনো ইজারাদেশপত্র ইস্যু করা হবে না।

সিদ্ধান্ত ২:

যে সকল জলমহালের ক্ষেত্রে শুধুমাত্র ০১ (এক) টি আবেদন পাওয়া গিয়েছে সে সকল ক্ষেত্রে যদি প্রস্তাবিত ইজারা মূল্য সরকারি দরের চেয়ে বেশি হয় তাহলে উক্ত আবেদনকারী সমিতি উক্ত জলমহাল ইজারা পাবেন।

সিদ্ধান্ত ৩:

অত্র সভার কার্যবিবরণী মোতাবেক ইজারাদেশপ্রাপ্ত মৎস্যজীবী সমিতিকে ০৩(তিন) বছরের সমুদয় ইজারা মূল্য, ইজারা মূল্যের ১৫% ভ্যাট এবং ১০% আয়কর একযোগে **১৩ এপ্রিল ২০২৩ তারিখের** মধ্যে বিধি মোতাবেক নির্ধারিত কোডে ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারামূল্য, ভ্যাট ও আয়কর পরিশোধে ব্যর্থ হলে জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা মোতাবেক উক্ত পুকুরসমূহের খাস আদায় করা হইবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ট্রেজারী চালানের কপি দাখিল করে ইজারা গ্রহীতা লীজ চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ বাজেয়াপ্ত হবে। এজন্য কোনো নোটিশ জারি করা হবে না। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

সিদ্ধান্ত ৪:

যে সকল আবেনকারী সমিতি জলমহাল ইজারা পাবে না তাদের দাখিলকৃত আবেদনপত্রের সহিত সংযুক্ত বিডিসমূহ ফেরৎ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ৫:

ইজারা মেয়াদ ১লা বৈশাখ ১৪৩০ হতে কার্যকর হবে এবং ৩০ চৈত্র ১৪৩২ এ মেয়াদ শেষ হবে। কোনো অবস্থায় এই মেয়াদ বৃদ্ধির জন্য ইজারাপ্রাপ্ত সমিতি কোনো আবেদন কিংবা মামলার আশ্রয় নিতে পারবেন না।

চলমান পাতা-৩

সিদ্ধান্ত ৬:

কোন মৎস্যজীবী সমিতির পরবর্তীতে প্রয়োজনীয় কাগজপত্রে ত্রুটি পরিলক্ষিত হলে কিংবা প্রতারণার আশ্রয় নিলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি যেকোন সময় ইজারা বাতিল করতে পারবেন।

**১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে যে সকল সমিতি ইজারা পাবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় তার বিবরণ নিম্নরূপঃ**

| ক্রঃ নং | বিজ্ঞপ্তিতে উল্লেখিত ক্র.নং | জলমহালের নাম | জলমহালের অবস্থান/ ইউনিয়নের নাম | জলমহালের তপশীল | সরকারি মূল্য | আবেদন নম্বর, আবেদনকারীর নাম, পদবী, সমিতির নাম ও মোবাইল নম্বর | দাখিলকৃত দর |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | ০১ | মরাবস্তা | কামদিয়া | মৌজা- চাঙ্গুরা, জে. এল. নং- ২০, খং নং- ০১, দাগ নং- ৭০, জমি- ২.১০ একর | ২,৩২,০৫০/- | ১০২৭১, মোঃ মোমতাজ মন্ডল, সভাপতি, বেসাইন মৎস্যজীবি সমাজ কল্যাণ সমিতি, ০১৭৬১১২৪৫৭২ | ২,৩৩,০০০/- |
| ০২ | ০৪ | চেনাচেনা | কামদিয়া | মৌজা- এনায়েতপুর, জে. এল. নং- ১১, খং নং- ০১, দাগ নং- ৩৬৭, জমি- ১.৪০ একর | ১,০৭,১০০/- | ১১৬১২, সভাপতি, মোঃ মফিদুল ধর্মপুর পশ্চিমপাড়া মৎস্যজীবি সমাজ কল্যাণ সমিতি ০১৭৬২৯৭৫৭৬৫ | ১,০৭,২০০/- |
| ০৩ | ০৯ | হাট পুকুর | শাখাহার | মৌজা- পিয়ারাপুর, জে. এল. নং- ৮৩, খং নং- ০১, দাগ নং- ১২৯৫, জমি- ১.৮০ একর | ১,৩৮,৬০০/- | ১৪০২৮, মোঃ শাহিনুর রহমান শাহীন, সভাপতি, পূর্ব দইহারা মৎস্য জীবি সমবায় সমিতি লিঃ, ০১৭৩৭৬৬৪০৮০ | ১,৩৯,০০০/- |
| ০৪ | ১০ | বড় পুকুর | কামদিয়া | মৌজা- চিয়ারগাঁও, জে. এল. নং- ২৪, খং নং- ০১, দাগ নং- ৩২৭, জমি- ১.৩০ একর | ৫৯,৮৫০/- | ৯২১১, মোঃ মোস্তাফিজুর রহমান, সভাপতি, হাইতর ও নেমারপাড়া মৎস্যজীবি সমাজ কল্যাণ সমিতি, ০১৭২৩২১২৮৯৯ | ৬০,০০০/- |
| ০৫ | ১২ | কুসুম পুকুর (দরগা) | কামদিয়া | মৌজা- তুলট, জে. এল. নং- ১৫, খং নং- ০১, দাগ নং- ২২৬, জমি- ২.৩১ একর | ১,৮৯,০০০/- | ৯১৩৯, মোঃ ওয়াহেদ আলী, সভাপতি, তুলট মধ্যপাড়া মৎস্যজীবি কল্যাণ সমিতি, ০১৭১৮৮৮৯৭৮১ | ১,৯০,০০০/- |
| ০৬ | ১৬ | দুখু | কামদিয়া | মৌজা- পুয়াগাড়ী, জেএল নং-১০, খংনং- ০১, দাগ নং- ১৩৯৭, জমি- ৫.৯৫ একর | ১৪,১৭,৫০০/- | ৯৩৪৯, শ্রী রতন হাজদা, সভাপতি, পুইয়াগাড়ী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, ০১৭২৭৪৩০৮৭০ | ১৪,১৯,১৫০/- |
| ০৭ | ১৭ | সুকু | কামদিয়া | মৌজা- পুয়াগাড়ী, জে এল নং- ১০, খং নং- ০১, দাগ নং- ১৪০০, জমি- ৬.০১ একর | ১৪,৩০,১০০/- | ৯৩৪৩, শ্রী রতন হাজদা, সভাপতি, পুইয়াগাড়ী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, ০১৭২৭৪৩০৮৭০ | ১৪,৩৩,১০০/- |
| ০৮ | ২০ | কেতকী | শাখাহার | মৌজা- আলীগাঁও, জে. এল. নং- ৪০, খং নং- ০১, দাগ নং- ৪৩৭, জমি- ১.৮২ একর | ১,৩৬,৫০০/- | ৯১৭০, মোঃ ময়নুল হক সরকার, সম্পাদক, খুরশাল মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, ০১৫১৫২৫৮৪৪২ | ১,৩৮,০০০/- |
| ০৯ | ২৭ | নল পুকুর | রাজাহার | মৌজা- বরট্ট, জে. এল. নং- ৫৮, খং নং- ০১, দাগ নং- ১৫৬২, জমি- ৩.৪১ একর | ৪,২৫,২৫০/- | ৯১৭৭, মোঃ সোলায়মান আলী, সভাপতি, রুপালী মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, ০১৭৭৭৯২৯০০৯ | ৪,২৬,০০০/- |

চলমান পাতা-৪

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১০ | ২৮ | পিয়ারা পুকুর | রাজাহার | মৌজা- বরট্ট, জে এল নং- ৫৮, খং নং- ০১, দাগ নং- ১৩১৬, জমি- ২.৬৩ একর | ৩,৩০,৭৫০/- | ৯২২৮, **শ্রী দিলিপ, সম্পাদক, রুপালী মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, ০১৭৭১১১৩৪৩৯** | ৩,৩১,৫০০/- |
| ১১ | ৩০ | হাজরা | রাজাহার | মৌজা- নওগাঁ, জে. এল. নং- ৬৯, খং নং- ০১, দাগ নং- ৩৪৯, জমি- ২.৯৬ একর | ৩,৬২,২৫০/- | ৯২৪০, মোঃ ছালেক উদ্দিন, সভাপতি, প্রভুরামপুর মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, ০১৭২৭৮৫১০২২ | ৩,৬৪,৫০০/- |
| ১২ | ৩১ | কানাই | রাজাহার | মৌজা- বরট্ট, জে. এল. নং- ৫৮, খং নং- ০১, দাগ নং- ১১১৩, জমি- ১.৩৬ একর | ১,২৯,১৫০/- | ৯৩২৪, মোঃ জিয়াউর রহমান সরকার, সম্পাদক, রাজাহার ইউনিয়ন মৎসজীবি সমবায় সমিতি লিঃ, ০১৭১৫৮০২৯৭০ | ১,৩৩,৫০০/- |
| ১৩ | ৩৪ | বড়মরা | রাজাহার | মৌজা- নওগাঁ, জে. এল. নং- ৬৯, খং নং- ০১, দাগ নং- ৯৩, জমি- ৩.৩০ একর | ৩,৩৭,০৫০/- | ৯১৭৪, **মোঃ জহুরুল ইসলাম, সভাপতি, বড়দাম মৎস্যজীবী সমবায় সমিতি,** ০১৭৭১১১৯৩১৬ | ৩,৪০,০০০/- |
| ১৪ | ৫০ | কোচ পুকুর | কামদিয়া | মৌজা- পুয়াগাড়ী, জে এল নং-১০ , খং নং- ০১, দাগ নং-১২৯৯, জমি-০.৮৯ একর | ৬৩,০০০/- | ৯৪৫৩, মোঃ মুনসুর আলী, সভাপতি, শাপলা মৎসজীবী সমবায় সমিতি লিঃ, ০১৭১৭৭৮০৯৯৪ | ৬৪,৫০০/- |

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: আরিফ হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি আফিস
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা
*www.acl.gobindaganj.gaibandha.gov.bd*

স্মারক নম্বর : ৩১.৫৫.৩২৩০.০০২.১৬.০০১.২৩. ৪৬৪(১৩)

তারিখ: ২৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩২ গাইবান্ধা-৪, (গোবিন্দগঞ্জ)।
২) বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩) জেলা প্রশাসক, গাইবান্ধা।
৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

চলমান পাতা-৫

৫) অফিসার ইনচার্জ, গোবিন্দগঞ্জ থানা, গাইবান্ধা।

৬) ........................................................................................................ অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

৭) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা। কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৮) চেয়ারম্যান, .................................... ইউনিয়ন পরিষদ (সকল), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

৯) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .................................................... (সকল), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

১০) জনাব..................................................................., সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

১১) ..........................................................................................................................।

১২) অফিস কপি।

০২/০৪/২০২৬

(এস.এম. আব্দুল্লাহ-বিন-শফিক)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা